**ভারতীয় রিজার্ভ ব্যাংক বিশেষ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার-এর প্রবর্তন করছেন**

**৩১শে মার্চ, ২০০৩**

ভারতের রিজার্ভ ব্যাংক, অন্যান্য ব্যাংকের সঙ্গে একত্রে, একটি বিশেষ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (এস.ই.এফ.টি.)-এর কর্মসূচিতে নিযুক্ত হয়েছে। এই কর্মসূচি দেশের বহু কেন্দ্রের ব্যাংকের শাখা থেকে, নিরাপদ, সুরক্ষিত ও দ্রূত ভাবে, ইলেকট্রনিকস-এর মাধ্যমে ফান্ড ট্রান্সফার করা সম্ভব করবে। কর্মসূচিটি ১লা এপ্রিল, ২০০৩ থেকে প্রবর্তিত করা হবে, মুম্বাইএ ব্যাংকগুলির মধ্যে ফান্ড ট্রান্সফার সেটেলমেন্ট-এর জন্য।

এই কর্মসূচিটির বিশেষ লক্ষণীয় জিনিষগুলি হল :

- কর্মসূচিটি তৈরী করা হয়েছে এমন ভাবে যাতে একই দিনে, এই কর্মসূচিতে অংশগ্রহণকারী একাউন্টধারী ব্যাংকগুলির মধ্যে, ফান্ড ট্রান্সফার করা যায়।
- কর্মসূচিটি সেইসব ব্যাংকগুলিকে অন্তর্গত করে যাদের নেটওয়ার্ক আছে, যাতে এস.ই.এফ.টি. মেসেজগুলি দ্রূত ইলেকট্রনিকস-এর মাধ্যমে প্রেরণ করা যায়
- ব্যাংকগুলির মধ্যে এস.ই.এফ.টি. কর্মসূচির সেটেলমেন্ট করা হবে মুম্বাইতে, এবং প্রসেসিং করা হবে ন্যাশানাল ক্লিয়ারিং সেল, ভারতের রিজার্ভ ব্যাংক, ন্যারিম্যান পয়েন্ট, মুম্বাইতে।
- এস.ই.এফ.টি. সেটেলমেন্ট সপ্তাহের কাজের দিনে তিনবার (দুপুর ১২.০০টা, দুপুর ২.০০টো ও বিকাল ৪.০০টা), এবং শনিবার দুইবার (দুপুর ১২.০০টা, দুপুর ২.০০টো)হবে।
- আগত এস.ই.এফ.টি. অনুরোধ প্রাপকের একাউন্ট-এ ক্রেডিট হবে পরের সেটেলমেন্ট সাইকেলের মধ্যেই।
- যদি কোনও ক্রেডিট প্রাপকের একাউন্ট-এ করা না যেতে পারে, সেটা পরের সেটেলমেন্ট সাইকেলে ফেরৎ পাঠানো হবে, অন্যথায় ধরে নেওয়া হবে যে ক্রেডিট কার্যকর হয়েছে।
- এস.ই.এফ.টি.-র সেটেলমেন্ট সাইকেল ই.এফ.টি.-র বর্তমান কর্মসূচির থেকে স্বতন্ত্র হবে, এবং সেটি এস.ই.এফ.টি. কর্মসূচি প্রবর্তনের পরও চলতে থাকবে।
- এস.ই.এফ.টি. প্রায় ৫০০টি শহর কে অন্তর্গত করবে – শাখার সংখ্যা ২৫০০ অতিক্রম করবে।

এই কর্মসূচিটি প্রস্তাবিত স্টক এক্সচেঞ্জ সিকিউরিটির T+2 ভিত্তিক রোলিং সেটেলমেন্ট পে-ইন ও পে-আউট সঠিক সময়ে সেটেলমেন্ট-এর সহায়ক হবে।

ব্যাংকের শাখার লিস্ট সহ অন্যান্য বিশদ বিবরণ, ভারতীয় রিজার্ভ ব্যাংক-এর ওয়েবসাইট www.rbi.org.in/ -এ পাওয়া যাবে।

**আলপনা কিল্লাওয়ালা**
**জেনরেল ম্যানেজার**

**প্রেস বিজ্ঞপ্তি: 2002-2003/1018**